

তারিখঃ ০৬/০৬/২০২২খ্রিঃ তারিখে উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী নিম্নরূপ :

সভাপতি : জনাব মোছাঃ রোকেয়া বেগম

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।

সভার স্থান : উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, পাংশা, রাজবাড়ী।

সভার তারিখ : ০৬/০৬/২০২২খ্রিঃ

বেলা : ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা সংরক্ষিত।

অধ্যকার সভায় সভাপতিত্ব করেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ রোকেয়া বেগম। সভার শুরুতে তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর উপজেলা কৃষি অফিসার সভাপতির অনুমতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন এবং উহাতে কারও আপত্তি না থাকায় উহার সিদ্ধান্তসমূহ সর্ব সম্মতিক্রমে গৃহিত হয়।

উপজেলা কৃষি অফিসার জানান যে, খরিপ-১ মৌসুমে ২০২১-২২ অর্থ বছরে মাঠ পর্যায়ে আমাদের বিভিন্ন প্রকল্পের বিভিন্ন ফসল যেমন আউশ ধান, পাট বিভিন্ন শাকসবজি সহ নিরাপদ সবজি যেমন বেগুন টমেটো মাঠে দভায়মান রয়েছে। রোগ ও পোকামাকড় হতে ফসল সমূহকে নিরাপদ রাখার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহন করা হয়েছে। কৃষক প্রশিক্ষণ চলমান রয়েছে। ভূত্বিকি মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণের লক্ষ্যে কৃষকদের নিকট হতে ৫৫ টি আবেদন পত্র পাওয়া যায়। উক্ত আবেদন পত্র গুলো উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক যাচাই বাচাই করে প্রকল্প প্রেরণ করা হয়। প্রকল্প ১৬টি কৃষি যন্ত্র (সিডার) অনুমোদন প্রদান করেন। অনুমোদন তালিকা অনুযায়ী অতিদ্রুত প্রকৃত কৃষকদের মধ্যে ভতুর্কি মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হবে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলমান রয়েছে।

মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ রোকেয়া বেগম বলেন যে, এই মৌসুমে পাট আমাদের প্রধান অর্থকরী ফসল পাট চাষে কৃষকদের পরামর্শ প্রদান করতে হবে। আউশ ধান উৎপাদনে কৃষকদের উৎসাহিত করতে হবে। পাট চাষে পানি সেচ এবং অন্যান্য কাজে কোন অবস্থাতে যাতে বাঁধাধ্বস্ত না হয় সে ব্যাপারে আমাদের সকলের সদয় দৃষ্টি রাখা একান্ত প্রয়োজন। তিনি আরও বলেন যে, কৃষি যন্ত্র (সিডার) যাতে প্রকৃত কৃষক পায় এবং বিক্রি যাতে না হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে।

সিদ্ধান্ত : ০১। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষনিক মাঠে থেকে কৃষকের নানাবিধ পরামর্শ প্রদান করে আসছেন।

সিদ্ধান্ত : ০২ঃ- বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন এবং প্রদর্শনীর ফসল উৎপাদন নিশ্চিত করতে যথাযথ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোছাঃ রোকেয়া বেগম

মহিলা ভাইস চেয়ারম্যান

ও


সভাপতি উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটি  
পাংশা, রাজবাড়ী

স্মারক নং- ২৩৬

তারিখ : ৩/৪/২০২২ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৩) উপজেলা.....অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৪) চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৫) অফিস নথি

  
06.08.2022

রতন কুমার ঘোষ

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব, কৃষি ও সেচ স্থায়ী কমিটি

পাংশা, রাজবাড়ী।